

রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষা ৬ ডিসেম্বর শুরু

প্রতিনিধি, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

আগামী ৬ ডিসেম্বর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে ২০১৫-১৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। গত সোমবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. একেএম. মুর্তুজা-উন-নবীর সভাপতিত্বে অনুষ্ঠিত কেন্দ্রীয় ভর্তি কমিটির এক বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। এ সময় বিভিন্ন অনুষদের ভিন ও বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন। এ বছর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ৬টি অনুষদভুক্ত ২১টি বিভাগে মোট ১২০০ আসনের বিপরীতে ৫৪ হাজার ২৯২ জন ভর্তিচ্ছু রেজিস্ট্রেশন করেছে। এ হিসেবে প্রতি আসনের বিপরীতে ৪৫ জন ভর্তিচ্ছু ভর্তিচ্ছু লড়াই করবে। বিশ্ববিদ্যালয়ের তথ্য কর্মকর্তা মোহাম্মদ আলী জানান, আগামী ৬ ডিসেম্বর কলা অনুষদভুক্ত 'এ' ইউনিটের প্রথম শিফটের পরীক্ষা সকাল ১০টায়, দ্বিতীয় শিফটের পরীক্ষা দুপুর ১২টায় এবং তৃতীয় শিফটের পরীক্ষা ২টায়, ৭ ডিসেম্বর সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'বি' ইউনিটের প্রথম শিফটের পরীক্ষা সকাল ১০টায়, দ্বিতীয় শিফটের পরীক্ষা দুপুর ১২টায় এবং তৃতীয় শিফটের পরীক্ষা ২টায়, ৮ ডিসেম্বর নিজনেস স্টাডিজ অনুষদভুক্ত 'সি' ইউনিটের প্রথম শিফটের পরীক্ষা সকাল ১০টায় ও দ্বিতীয় শিফটের পরীক্ষা দুপুর ১২টায়, একই দিনে জীব ও ভূ-বিজ্ঞান অনুষদভুক্ত 'এফ' ইউনিটের পরীক্ষা বেলা ২টায়, ১০ ডিসেম্বর বিজ্ঞান অনুষদভুক্ত 'ডি' ইউনিটের প্রথম শিফটের পরীক্ষা সকাল ১০টায়, দ্বিতীয় শিফটের পরীক্ষা দুপুর ১২টায় এবং একই দিনে প্রকৌশল ও প্রযুক্তি অনুষদভুক্ত 'ই' ইউনিটের প্রথম শিফটের পরীক্ষা বেলা ২টা ও দ্বিতীয় শিফটের পরীক্ষা বিকাল ৪টায় অনুষ্ঠিত হবে। তথ্য কর্মকর্তা আরও জানান, '২৬ নভেম্বর সকাল ১০টা থেকে পরীক্ষা চলার পূর্বমুহূর্ত পর্যন্ত ভর্তিচ্ছুকরা প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। পরীক্ষা কেন্দ্রে কোন প্রকার ইলেক্ট্রিক ডিভাইস আনা যাবে না। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহের তথ্যসহ ভর্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইটে (www.admission.brur.ac.bd) পাওয়া যাবে। এছাড়া ০১৫৫৭ ২২৯২১৫ এবং ০১৫৫৮ ১৩৬৮১৪ নাম্বারে ফোন অথবা admission@brur.ac.bd ই-মেইল করেও তথ্য সেবা পাওয়া যাবে। উল্লেখ্য যে, ২০১৫-১৬ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষা আগামী ৬, ৭, ৮ ও ১০ ডিসেম্বর অনুষ্ঠিত হবে।